

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অধিশাখা-২ (কর)  
অর্থ মন্ত্রণালয়  
[www.ird.portal.gov.bd](http://www.ird.portal.gov.bd)

নং-০৮.০০.০০০০.০৩৭.৬৫.৩০০.০৯.৩৫৩

০৪ আধাৃৎ ১৪২২ বং

তাৰিখঃ-----

১৮ জুন ২০১৫ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, বিসিএস (কর) ক্যাডারের কর্মকর্তা জনাব এম, এম, জিলুর রহমান, দ্বিতীয় সচিব (কর), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর বিরুদ্ধে অনুমোদিত লিয়েন মঙ্গুরীর ধারাবাহিকতায় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও বিধি ৩ (ডি) ধারায় অভিযুক্ত করে এ বিভাগের ১৭/৮/২০১৩ খ্রিঃ তাৰিখের ০৮.০৩২.০৬৫.০১.০৫.৩০০.২০০৯.৩৫৭ নম্বর স্মারকমূলে বিভাগীয় মামলা রঞ্জু কৰা হয় ; এবং

যেহেতু, জনাব এম, এম, জিলুর রহমান নির্ধারিত সময়ে জবাব দাখিল না কৰায় বা সময় বৃদ্ধির জন্য আবেদন না কৰায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(গু) বিধি অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য অত্র বিভাগের ০৯/৯/২০১৩ তাৰিখের ৬৭২ নম্বর আদেশের মাধ্যমে এ বিভাগের যুগ্ম-সচিব বেগম পারভীন বানু-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ কৰা হয় ;

যেহেতু, তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারী কৰা হয়। কিন্তু তিনি উক্ত নোটিশেরও কোন জবাব দাখিল কৰেননি ;

যেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৭(৭) অনুযায়ী জনাব এম.এম. জিলুর রহমানকে গুরুদণ্ড দেয়ার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হলে কমিশন হতে একমত পোষণ কৰা হয় ; এবং

এক্ষণে, সেহেতু, সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি এর আওতায় আনীত অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে একই বিধিমালার ৪ (৩) (ডি) বিধি অনুযায়ী জনাব এম, এম, জিলুর রহমান, দ্বিতীয় সচিব (কর), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে চাকুরি থেকে বরখাস্ত ( Dismissal from service) কৰা হলো ।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
( মোঃ নজিবুর রহমান )  
সচিব

পরবর্তী পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য